# মিরপুরে যুবদল নেতাকে প্রকাশ্যে গুলি করে হত্যা



সংগৃহীত ছবি

রাজধানীর মিরপুর পল্লবীতে যুবদল নেতাকে লক্ষ্য করে সশস্ত্র হামলার ঘটনা ঘটেছে। সোমবার (১৭ নভেম্বর) সন্ধ্যায় পল্লবী ১২ নম্বর 'সি' ব্লকের একটি হার্ডওয়্যার দোকানে ঢুকে দুর্বৃত্তরা গুলি করে হত্যা করে যুবদল নেতা গোলাম কিবরিয়াকে। পুলিশ জানিয়েছে, তিনি পল্লবী থানা যুবদলের সদস্যসচিব হিসেবে দায়িত্ব পালন করছিলেন।

স্থানীয় সূত্র মতে, সন্ধ্যা প্রায় ৬টা ৪০ মিনিটে মোটরসাইকেলযোগে এসে তিনজন হামলাকারী দোকানের ভেতরে প্রবেশ করে তাকে খুব কাছ থেকে টার্গেট করে মাথা, বুকে ও পিঠে ধারাবাহিকভাবে গুলি চালায়। পরে গুরুতর আহত অবস্থায় স্থানীয়রা তাকে দ্রুত হাসপাতালে নিলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

পল্লবী থানার ওসি মফিজুর রহমান রাত ৮টার দিকে ঘটনার সত্যতা নিশ্চিত করেন। তিনি বলেন, কারা এবং কী উদ্দেশ্যে এ হামলা চালিয়েছে তা খতিয়ে দেখা হচ্ছে। ঘটনাস্থল থেকে মোট ৭ রাউন্ড গুলির খোসা উদ্ধার করেছে পুলিশ।

তদন্ত দল ইতোমধ্যে নিকটবর্তী সিসিটিভি ফুটেজ সংগ্রহের প্রস্তুতি নিচ্ছে বলে জানা গেছে।

LENS ASIA